



হুথি হামলার মধ্যে সৌদির বিনিয়োগ সম্মেলন স্থগিত



ছবি: সংগৃহীত

ইয়েমেনের ইরান-সমর্থিত হুথি বিদ্রোহীদের হামলার মধ্যে সৌদি আরবের বার্ষিক বিনিয়োগ সম্মেলন ‘ফিউচার ইনভেস্টমেন্ট ইনিশিয়েটিভ’ (এফআইআই) আগামী বছর পর্যন্ত স্থগিত করা হয়েছে। সম্মেলনের আনুষ্ঠানিক ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

আগামী ২৬ থেকে ২৯ অক্টোবর সম্মেলনটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। মঙ্গলবারের বিবৃতিতে বলা হয়েছে, আগামী বছরের সম্মেলনের তারিখ শিগগিরই ঘোষণা করা হবে।

এফআইআই ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মাহা বিনতে মিশারি আল সৌদ জানান, অংশীদার, সদস্য, বক্তা ও প্রতিনিধিদের প্রতি অঙ্গীকারের অংশ হিসেবেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্মেলনটির দশম আয়োজনকে বিশেষ উল্লেখ করে তিনি বলেন, প্রত্যাশিত মান ও প্রভাব নিশ্চিত করতেই তাঁরা উদ্যোগী।

‘মরুভূমির দাভোস’ নামে পরিচিত এ সম্মেলনে সৌদি আরবের বড় বিনিয়োগ পরিকল্পনা তুলে ধরা হয়। দেশটির অর্থনীতিকে জ্বালানিনির্ভরতা থেকে পর্যটন, খেলাধুলা ও প্রযুক্তির মতো খাতে সম্প্রসারণের জন্য বিদেশি বিনিয়োগ আকর্ষণ করাই এর অন্যতম লক্ষ্য।

এবারের সম্মেলনে অ্যালফাবেট ও গুগলের প্রেসিডেন্ট ও প্রধান বিনিয়োগ কর্মকর্তা রুথ পোরাট, গোল্ডম্যান স্যাকসের প্রধান নির্বাহী ডেভিড সলোমন এবং ব্ল্যাকরকের প্রধান নির্বাহী লরেন্স ফিল্ডের অংশ নেওয়ার কথা ছিল।

এদিকে ইয়েমেনের আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারকে সমর্থনকারী সৌদি নেতৃত্বাধীন জোট ও ইরানঘনিষ্ঠ হুথিদের মধ্যে সাম্প্রতিক সত্তাহুগুলোতে সংঘাত বেড়েছে। আনসার আল্লাহ নামেও পরিচিত হুথিরা সৌদি আরবের সামরিক স্থাপনা, জ্বালানি অবকাঠামো ও বেসামরিক স্থাপনায় হামলা চালিয়েছে। এসব স্থাপনার মধ্যে রিয়াদের আন্তর্জাতিক বিমানবন্দরও রয়েছে। হামলায় অন্তত ১৮ জন নিহত এবং শত শত মানুষ আহত হয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।